



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

Website: www.bb.org.bd

ফাইন্যান্স কোম্পানি প্রবিধি ও নীতি বিভাগ

এফসিআরপিডি সার্কুলার নং-০১

৩১ আষাঢ় ১৪৩৩

তারিখ: _____

১৫ জুলাই ২০২৬

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল ফাইন্যান্স কোম্পানি।

প্রিয় মহোদয়,

Deferred Tax হিসাব সংরক্ষণ সংক্রান্ত নীতিমালা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে ডিএফআইএম সার্কুলার নং-০৭, তারিখ: ৩১ জুলাই ২০১১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- ২। এতদ্বিষয়ে Deferred Tax Asset ও Liability সংক্রান্ত হিসাব অর্ন্তভুক্ত করার ক্ষেত্রে Bangladesh Accounting Standard(BAS) এবং International Financial Reporting Standard(IFRS) এর সংশ্লিষ্ট স্ট্যান্ডার্ড অনুসরণের জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো। BAS এবং IFRS -এ যেসব বিষয়ে Deferred Tax হিসাবভুক্ত করার উল্লেখ রয়েছে, সেসব বিষয় আবশ্যিকভাবে হিসাবভুক্ত করতে হবে।
- ৩। এতদ্ব্যতীত, Deferred Tax Asset সংক্রান্ত হিসাব অর্ন্তভুক্ত করার ক্ষেত্রে ফাইন্যান্স কোম্পানির প্রকৃত আর্থিক অবস্থা প্রতিফলনের নিমিত্তে নিম্নোক্ত নীতিমালা অনুসরণীয় হবে-
 - (১) আয়কর আইন অনুযায়ী যেসব বিষয়ের উপর ভবিষ্যতে আয়কর সুবিধা পাওয়া যাবে সেসব বিষয়ে BAS এবং IFRS এর স্ট্যান্ডার্ড অনুসরণ করে Deferred Tax Asset হিসাব সংরক্ষণ করতে হবে। এ বিষয়ে আর্থিক বিবরণীর টীকা অংশে বিস্তারিত বিবরণ (যেমন: হিসাবায়নের ভিত্তি ও পদ্ধতি, পরিমাণ, সমন্বয়ের সময়, ইত্যাদি) উল্লেখ করতে হবে;
 - (২) শ্রেণীকৃত ঋণ, অগ্রিম বা বিনিয়োগের বিপরীতে রক্ষিত সংস্থানের উপর ভিত্তি করে Deferred Tax Asset নির্ণয় ও হিসাবভুক্ত করা হলে নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণ করতে হবে:
 - (ক) Deferred Tax Asset হিসাবভুক্ত করার ফলে কর পরবর্তী আয়ের যে পরিমাণ বৃদ্ধি হয় তা লভ্যাংশ আকারে বিতরণ করা যাবে না;
 - (খ) বার্ষিক আর্থিক প্রতিবেদন এবং মূলধন পর্যাণ্ডতা সংক্রান্ত বিবরণীতে Regulatory Eligible Capital নির্ণয়ে অবদিত মুনাফা হতে শ্রেণীকৃত ঋণের বিপরীতে রক্ষিত সংস্থানের উপর ভিত্তি করে হিসাবভুক্ত Deferred Tax Asset বাদ দিতে হবে; এবং
 - (গ) আর্থিক প্রতিবেদনের টীকা অংশে শ্রেণীকৃত ঋণের বিপরীতে রক্ষিত সংস্থানের উপর সৃষ্ট Deferred Tax Asset এর ব্যাখ্যা (পরিমাণ, হিসাবায়ন পদ্ধতি, উৎস বছর, বর্তমান বছরে সংযোজন ও আদায় ইত্যাদি তথ্য) সংযোজন করতে হবে।
- ৪। ডিএফআইএম সার্কুলার নং-০৭, তারিখ: ৩১ জুলাই ২০১১ এতদ্বারা রহিত করা হলো।
- ৫। ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ এর ৪১(২) নং ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(আবুল কালাম আজাদ)

পরিচালক (এফসিআরপিডি)

ফোনঃ ৯৫৩০১৭৮।